



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2<sup>nd</sup> Term: Answer Work Sheet-4

Class: 4



Subject: Bengali Grammar: (অনুচ্ছেদ)

Date: 08/07/2020

## বাংলার উৎসব

বাংলায় বারো মাসে তেরো পার্বন । উৎসব প্রিয় বাঙালী সবই ঘটা করে পালন করে । উৎসব বলতে আমরা বুঝি জাতীয় উৎসব, ধর্মীয় উৎসব, পারিবারিক উৎসব ও সামাজিক উৎসব ইত্যাদি । বাংলা বছরের প্রথম দিনটিতে আমরা বেশ সমারোহের সাথে নববর্ষ বা ১লা বৈশাখ দিয়ে শুরু করি । তারপর গাজন, দোল, রথযাত্রা, রাস, দুর্গাপূজা, কালিপূজা, সরস্বতীপূজা উল্লেখযোগ্য । এছাড়া ধর্মীয় উৎসব বলতে ঈদ ও বড়দিনের আনন্দও আমরা সমানভাবে ভাগ করে নিই । স্বাধীনতা দিবস, প্রজাতন্ত্র দিবসের মতো জাতীয় অনুষ্ঠানও আমরা মর্যাদার সঙ্গে পালন করি । রবীন্দ্র জয়ন্তী, নজরুল জয়ন্তীর মতো সামাজিক উৎসব পালনের মাধ্যমে আমাদের সাংস্কৃতিক বিনিময় ঘটে । উৎসব মানুষকে মানুষের মধ্যে মিলিয়ে দেয়, সকলে আনন্দে মেতে ওঠে । ব্যবসা বানিজ্যের প্রসার হয় । আমাদের মনকে উদার করে, একঘেয়েমি দূর করে । উৎসবের মধ্যে দিয়ে মানুষের জীবনে বৈচিত্র্য আসে ।

Manashi Chaudhuri